ড্রোন হামলায় আগুন জ্বলছে ইরাকের গ্যাসক্ষেত্রে



ছবি: সংগৃহীত

ইরাকের কুর্দিস্তান অঞ্চলের খোর মোর গ্যাসক্ষেত্রে ড্রোন হামলার পর উৎপাদন বন্ধ করে দেওয়া হয়েছে। রোববার (৮ নভেম্বর) হামলায় গ্যাসক্ষেত্রটির এলপিজি সংরক্ষণ ট্যাংকে আঘাত লাগে। এতে আগুন ধরে গেলে কর্মীদের নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়। খবর রয়টার্সের।

কুর্দিস্তান অঞ্চলের বিদ্যুৎ মন্ত্রণালয়ের সূত্র জানায়, হামলার পরও ট্যাংকে আগুন জ্বলছিল। তবে প্রাথমিকভাবে কোনো হতাহতের খবর পাওয়া যায়নি বলে জানিয়েছেন ইরাকের প্রধানমন্ত্রী আলী আল-জায়েদি।

কুর্দিস্তানের প্রাকৃতিক সম্পদ ও বিদ্যুৎ মন্ত্রণালয় এক যৌথ বিবৃতিতে হামলাকে সন্ত্রাসী কর্মকাণ্ড হিসেবে উল্লেখ করেছে। ক্ষয়ক্ষতি কমাতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কাজ করছে। তবে এখন পর্যন্ত কেউ হামলার দায় স্বীকার করেনি।

খোর মোর গ্যাসক্ষেত্র থেকে স্থানীয় বিদ্যুৎকেন্দ্রগুলোতে গ্যাস সরবরাহ করা হয়। হামলার কারণে অঞ্চলটিতে প্রায় ২ দশমিক ৮ গিগাওয়াট বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হয়েছে বলে জানিয়েছে বিদ্যুৎ মন্ত্রণালয়।

গ্যাসক্ষেত্রটির যৌথ পরিচালনাকারী প্রতিষ্ঠান ডানা গ্যাস গত জুলাইয়ে নিরাপত্তা ঝুঁকি ও আঞ্চলিক উত্তেজনার কারণে প্রধান উৎপাদন স্থাপনাগুলোর কার্যক্রম বন্ধ করেছিল। পরে আবার উৎপাদন শুরু হয়।